



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০৭৩, ৫৫০৩০০৮০, ৫৫০৩০০৫৮, ৫৮১৫১৪৭৬

Fax: 88-02-9131581, E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন।

নং: ৩৬.০৫.০০০০.০১৪.২৩.০০৮.১৭.৮৪

তারিখ: ১৫ কার্তিক, ১৪২৮ ব.
৩১ অক্টোবর, ২০২১ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

‘চট্টগ্রাম এবং খুলনায় বিএসটিআই’র আঞ্চলিক অফিস স্থাপন ও আধুনিকীকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় সর্বসাকুল্যে মাসিক বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদ পূরণের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রকল্প চলাকালীন সময়ের জন্য এ নিয়োগ বলবৎ থাকবে। প্রকল্প বাস্তবায়ন শেষে উক্ত পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন গ্রেড	সংখ্যা	সর্বসাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা	প্রয়োজনীয় যোগ্যতা	বয়স
১।	অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬)	০১ (এক)	১৭০৪৫/-	ন্যূনতম ২য় বিভাগে এইচএসসি অথবা সমমান গ্রেড	প্রাথমিক কম্পিউটার (MS word, Excel, Access etc.) চালনা এবং ইংরেজী বলা ও লেখায় পারদর্শী হতে হবে।	সর্বোচ্চ ৪০ বছর

আবেদনের শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা, জন্ম তারিখ ০১.১১.২০২১ খ্রিঃ তারিখে বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ পূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে।
- সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রয়োজনীয় ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ দাখিল করতে হবে। প্রার্থীকে নিজ জেলার স্থায়ী বাসিন্দার স্ব-পক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র কন্যার পুত্র কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে চাকরির আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা পিতা/ মাতা/পিতামহ/মাতামহ/পিতামহী/মাতামহী মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীস্বাক্ষরিত) এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। এছাড়া সরকারি গেজেটে ও মুক্তিবার্তায় প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম ও পরিচয় সম্বলিত তথ্যাদির কপি দাখিল করতে হবে।
- উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
- আবেদনপত্র আগামী ১৫-১১-২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে প্রকল্প পরিচালক ‘চট্টগ্রাম এবং খুলনায় বিএসটিআই’র আঞ্চলিক অফিস স্থাপন ও আধুনিকীকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই), ডিএমআই, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ এই ঠিকানায় পৌঁছাতে হবে। আবেদনপত্র হাতে হাতে অথবা ডাক/কুরিয়ারে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।
- খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্ট করে লিখতে হবে।
- লিখিত/ সাক্ষাৎকার পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- অন্যান্য ক্ষেত্রে উন্নয়ন প্রকল্প সম্পর্কিত সরকারি প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।
- ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


০৫.১১.২০২১

(মোঃ আবু তারেক)

প্রকল্প পরিচালক

‘চট্টগ্রাম এবং খুলনায় বিএসটিআই’র আঞ্চলিক
অফিস স্থাপন ও আধুনিকীকরণ শীর্ষক প্রকল্প